

# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪১৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ হাদীসে বর্ণিত ধমকী খোলা মাঠে হাজত পূরণের সময় প্রযোজ্য; আবদ্ধ বা ঢাকা জায়গায় হাজত পূরণের সময় এটি প্রযোজ্য নয়- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الزَّجْرَ عَنِ اسْتِقْبَالِ الْقِبْلَةِ وَاسْتِدْبَارِهَا بِالْغَائِطِ وَالْبَوْلِ إِنَّمَا زُجر عَنْ ذَلِكَ فِي الصَّحَارِي دُونَ الْكُنُفِ وَالْمَوَاضِعِ المستورة

#### আরবী

1418 \_ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانِ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ مُحَمَّدِ بْنِ حَبَّانَ عَنْ عَمِّهِ وَاسِعِ بْنِ حَبَّانَ: عَنِ ابْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يَقُولُ: إِنَّ نَاسًا يَقُولُونَ: إِذَا قَعَدْتَ لِحَاجَتِكَ فَلَا تَسْتَقْبِلِ الْقِبْلَةَ وَلَا بَيْتَ الْمَقْدِسِ لَقَدِ يَقُولُ: إِنَّ نَاسًا يَقُولُونَ: إِذَا قَعَدْتَ لِحَاجَتِكَ فَلَا تَسْتَقْبِلِ الْقِبْلَةَ وَلَا بَيْتَ الْمَقْدِسِ لَقَدِ الْرَتَقَيْتُ عَلَى ظَهْرِ بَيْتِنَا فَرَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى لَبِنَتَيْنِ مُسْتَقْبِلَ الْمَقْدِسِ لِحَاجَتِهِ. بَيْتَنَا فَرَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى لَبِنَتَيْنِ مُسْتَقْبِلَ بَيْتَ الْمَقْدِسِ لِحَاجَتِهِ.

#### বাংলা

১৪১৮. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "লোকজন বলে থাকেন, "যখন তুমি হাজত পূরণের উদ্দেশ্যে বসবে, তখন কিবলা ও বাইতুল মাকদিসকে সামনে রাখবে না" অথচ আমি একবার আমাদের বাড়ির ছাদের উপর উঠি, অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে হাজত পূরণের জন্য বাইতুল মাকদিসের দিকে মুখ করে দুটো কাচা ইটের উপর বসে থাকতে দেখেছি।"[1]

### ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুরাহ: ১৭৬; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৯৩-১৯৪; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৬; সহীহ আল বুখারী: ১৪৫; আবূ দাউদ: ১২; নাসাঈ: ১/২৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ৪/২৩৩; সহীহ ইবনু খুয়াইমাহ: ৫৯; মুসারাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫১; মুসনাদ আহমাদ: ২/৪১; সহীহ আল বুখারী: ১৪৯; ইবনু মাজাহ: ৩২২; আবূ আওয়ানা: ১/২০১; দারাকুতনী: ১/৬১; বাগাবী, শারহুস সুরাহ: ১৭৭; সুনান বাইহাকী: ১/৯২; তিরমিযী: ১১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



## রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন